

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস্

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ডিসিএমপিএস সার্কুলার নং - ০৫/২০১০

এপ্রিল ২৮, ২০১০
তারিখ : -----
বৈশাখ ১৫, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক / প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ঢাকা ক্লিয়ারিং হাউসে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করার সময়সীমা বর্ধিত করন প্রসঙ্গে ।

শিরোনামোক্ত বিষয়ে ডিসিএমপিএস সার্কুলার নং - ০৪, এপ্রিল ১, ২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলার দ্বারা ০১-০৫-২০১০ তারিখ হতে ঢাকা ক্লিয়ারিং হাউসে কোন Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু ঢাকা ক্লিয়ারিং হাউসের সর্বশেষ পরিসংখ্যান হতে দেখা যাচ্ছে যে, এখনো উল্লেখযোগ্য সংখ্যক Non-MICR ইন্সট্রুমেন্ট ক্লিয়ারিং এর জন্য জমা পড়ছে। এ ছাড়াও বিপুল পরিমাণ Non-MICR ডিভিডেন্ড এবং রিফান্ড ওয়ারেন্ট এখনো অপরিশোধিত অবস্থায় গ্রাহকদের নিকট রয়েছে। তদুপরি Non-MICR ইন্সট্রুমেন্ট সমূহের প্রচলন রহিত হবার সংবাদে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট রক্ষিত ইতোপূর্বে ইস্যুকৃত ডিমান্ড ড্রাফট ও পে-অর্ডার ঢাকা ক্লিয়ারিং হাউসে অধিকহারে উপস্থাপিত হচ্ছে।

এমতাবস্থায়, জনস্বার্থে ঢাকা ক্লিয়ারিং হাউসে Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করার সময়সীমা ১ মাস বর্ধিত করে ৩১ মে ২০১০ পর্যন্ত পুনর্নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং এ ধরনের Non-MICR ইন্সট্রুমেন্ট এর Issuing Bank বা Paying Bank কে প্রতিটি ইন্সট্রুমেন্ট এর জন্য ১০০.০০ (একশত টাকা) হারে প্রসেসিং ফি প্রদান করতে হবে। তবে সরকারী চেক, ডিভিডেন্ড/রিফান্ড ওয়ারেন্ট এবং ফরেন টাকা ড্রাফট এর জন্য কোন প্রসেসিং ফি লাগবে না। মে মাস সমাপনান্তে প্রতিটি ব্যাংকের নিকট প্রাপ্য প্রসেসিং ফি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত স্ব স্ব ব্যাংকের হিসাব হতে সংগ্রহ করা হবে।

এমতাবস্থায়, ক্লিয়ারিং হাউসে অংশগ্রহণকারী সকল ব্যাংক সমূহকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা যাচ্ছে। এ সময়সীমা কোনক্রমেই আর বর্ধিত করা হবে না।

অনুগ্রহ পূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(জিন্নাতুল বাকেয়া)

মহাব্যস্থাপক

ফোন : ৭১২০৩৭২